



# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

## ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

### বিজ্ঞপ্তি

বিষয় : আইসিবি ইউনিট ফান্ডের CIP সার্টিফিকেট উত্তোলন, BEFTN এর মাধ্যমে নগদ লভ্যাংশ খারকের ব্যাংক হিসাবে জমাকরণ, KYC ফরম পূরণ ও জমা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আইসিবি ইউনিট ফান্ডের ২০১৮-২০১৯ অর্থবছরের ঘোষিত লভ্যাংশের বিপরীতে সিআইপি অপশনভুক্ত ধারকগণের অনুকূলে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে সিআইপি (CIP) সার্টিফিকেট ইস্যু করা হয়েছে। আলোচ্য বছর ও বিগত বছরসমূহের সিআইপি সার্টিফিকেটসমূহ সংগ্রহ করা না হয়ে থাকলে সম্মানিত ইউনিট ধারকগণকে KYC হালনাগাদ করে নিজে বা তাঁর মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা অর্পণপত্রসহ (Authorization Letter) উপরোক্ত তিকানা হতে অফিস সময়ের মধ্যে (সকাল ১০.৩০ ঘটিকা হতে বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত) সিআইপি সার্টিফিকেটসমূহ সংগ্রহের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

০২। আইসিবি ইউনিট ফান্ডের নগদ লভ্যাংশ অপশনভুক্ত ধারকগণের নগদ লভ্যাংশ BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে জমাকরণের লক্ষ্যে প্রতিটি রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে পৃথক পৃথক আবেদন ফরমে নিজ নিজ ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ব্যাংক ও শাখার নাম, টেলিফোন নম্বর উল্লেখপূর্বক চেকের পাতার ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে প্রধান কার্যালয়ের ইউনিট ধারকগণকে সরাসরি প্রধান কার্যালয়ে এবং ব্যাংক ও শাখা কার্যালয় হতে ক্রয়কারী ইউনিট ধারকগণকে সংশ্লিষ্ট ব্যাংক ও শাখার মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, ইত:পূর্বে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(মো. নজরুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

ফোনঃ ৯৫৬১০৭৪, ৯৫৬৩৯৮৯

